



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

বিমানবন্দর রোড, শালবাগান রাজশাহী-৬২০৩

স্থাপিত: ২০১০ খ্রি. সরকারিকরণ: ১৮/০৯/২০১৭ খ্রি.

☎ ০৭২১-৭৬১৫১২ E-mail- principal2.rebmsc@gmail.com

web:www.rebmsc.edu.bd



বিদ্যালয় কোড: ২৪০০
কলেজ কোড: ১৭০১
EIIN NO: 134670

কোভিড-১৯ টিকা প্রদান:

তারিখ: ০৩/০৯/২০২২ খ্রি.

অতীব জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজের তৃতীয় হতে ষষ্ঠ শ্রেণির ৫ বছর হতে ১২ বছর বয়সি শিক্ষার্থী, যারা ২৮ ও ২৯ আগস্ট-২০২২ খ্রি. তারিখে কোভিড-১৯ টিকা ১ম ডোজ গ্রহণ করেনি বা করতে পারেনি তাদেরকে আগামী ০৫.০৯.২০২২খ্রি., রোজ সোমবার নিজ প্রতিষ্ঠানে সকাল ৯:০০ টা হতে দুপুর ১২:০০ টার মধ্যে স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত হয়ে টিকা গ্রহণ করতে বলা হলো।

বি.দ্র.: টিকা প্রদান: সকাল ৯:০০টা হতে দুপুর ১২:০০ টা পর্যন্ত।

প্রয়োজনীয় নির্দেশাবলী:

- ১। প্রত্যেক শিক্ষার্থীকে সকালে নাশ্তা করে আসতে হবে। খালি পেটে টিকা গ্রহণ করা যাবে না।
- ২। প্রত্যেক শিক্ষার্থীকে সুরক্ষা অ্যাপস্ এ নিবন্ধনের পর প্রাপ্ত টিকা কার্ডের ২টি কপি সঙ্গে আনতে হবে। আর যারা এখনো নিবন্ধন করতে পারেনি তাদেরকে জন্ম-নিবন্ধনের ৩টি ফটোকপির অপর পৃষ্ঠায় শিক্ষার্থীর শ্রেণি ও ক্লাশ রোল নম্বর লিখে সঙ্গে আনতে হবে।
- ৩। শিক্ষার্থীর সঙ্গে অভিভাবক(মা/বাবা) আসবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে শিক্ষার্থী টিকা গ্রহণ করবে।
- ৪। টিকা গ্রহণ শেষে কমপক্ষে আধা ঘন্টা প্রতিষ্ঠানে শিক্ষার্থীকে অবস্থান করে শিক্ষার্থীর অভিভাবক তাকে বাসায় নিয়ে যাবেন।
- ৫। স্বাস্থ্যবিধি মেনে চলতে সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরে সামাজিক দূরত্ব বজায় রেখে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

অধ্যক্ষ স্যারের নির্দেশক্রমে-

আহ্বায়ক

কোভিড-১৯ টিকা প্রদান ও সমন্বয় কমিটি-২০২২

রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।